তারিখ ২২ JAN 2017
পৃষ্ঠা ১২ কলাম ৩

দৈনিক আমাদের সময়

# অনুমোদন পেতে যাচ্ছে ১৭ বেসরকারি বিশ্ববিদ্যালয়

## প্রস্তাবনায় আছেন সংসদ সদস্যরা

এম এইচ রবিন ●

বর্তমানে প্রায় একশ, বেসরকারি বিশ্ববিদ্যালয় কার্যক্রম পরিচালনা করছে। রাজধানীর অলিগলি ছাড়াও বিভিন্ন নগরীতে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়েছে। বেশিরভাগেরই মান নিয়ে প্রশ্ন রয়েছে। এর মাঝে নতুন করে ১৭টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদনের প্রক্রিয়া চলছে। প্রস্তাবিত কয়েকটি বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবক আছেন কয়েকজন সংসদ সদস্য। রাজধানীসহ বিভিন্ন জেলায় অনুমোদন হতে পারে এসব বিশ্ববিদ্যালয়।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) সূত্রে জানা গেছে, প্রস্তাবিত ১৭টির মধ্যে রাজধানীতে চারটি। গাজীপুরে দুইটি। চাঁদপুর, সিলেট, ব্রাহ্মণবাড়িয়া, পটুয়াখালী, ময়মনসিংহ, খুলনা, রাজশাহী, রংপুরসহ দেশের বিভিন্ন জেলায় স্থাপন করা হবে। প্রস্তাবিতগুলো অনুমোদন হলে বিদ্যমান ৯৫টি বিশ্ববিদ্যালয়সহ দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়াবে ১১২টি।

নতুন করে রাজধানীতে বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন না দিতে সরকারের নীতিগত সিদ্ধান্ত থাকলেও কয়েক দফায় ইতোমধ্যে ঢাকায় ৬টি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়।

ঢাকায় আরও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন প্রসঙ্গে জানতে চাইলে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন কোনো মন্তব্য করতে চাননি।

ইউজিসির এক জ্যেষ্ঠ কর্মকর্তা জানিয়েছেন, সরকারদলীয় মন্ত্রী-এমপি ও রাজনৈতিক নেতারা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন পেতে প্রধানমন্ত্রীর কাছে সরাসরি আবেদন করেন। সেই পরিপ্রেক্ষিতে আবেদনকারীদের নামে এসব বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদনের প্রক্রিয়া চলছে। প্রধানমন্ত্রীর দপ্তর থেকে সবুজ সংকেত আসায় ইতোমধ্যে ইউজিসি কয়েকটি বিশ্ববিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

## অনুমোদন পেতে যাচ্ছে

(শেষ পৃষ্ঠার পর) শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে।

**বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবনায় এসেছে যাদের নাম :** সাবেক এমপি এবং হুইপ এইচ এম গোলাম রেজা 'সিঙ্গাপুর ইউনিভার্সিটি অব বাংলাদেশ' নামে বিশ্ববিদ্যালয় রাজধানীর সেনপাড়া পার্বতা মিরপুরে স্থাপনের অনুমোদন চেয়েছেন।

'এ্যাপোলা ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি' নামে বিশ্ববিদ্যালয়ের আবেদন করেছেন জাতীয় সংসদ সদস্য শামসুল আলম ভূঁইয়া। বিশ্ববিদ্যালয়টি চাঁদপুর জেলার বাবুরহাটে স্থাপনের প্রস্তাব করা হয়েছে। ইউজিসি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছে মন্ত্রণালয়ে।

জাতীয় সংসদ সদস্য র আ ম উবাইদুল মোকতাদির চৌধুরী ব্রাহ্মণবাড়িয়ার ভাতশালায় স্থাপনের জন্য 'ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া' নামে বিশ্ববিদ্যালয়ের আবেদন করেছেন ইউজিসির কাছে।

প্রস্তাবিত 'সাউথ রিজন ইউনিভার্সিটি'র উদ্যোক্তা বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ আ.স.ম. ফিরোজ। বিশ্ববিদ্যালয়টি পটুয়াখালী জেলার খালিশাখালীর লাউকাঠিতে স্থাপনের অনুমোদন চাওয়া হয়েছে।

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা বেগম রওশন এরশাদ ময়মনসিংহ জেলার ত্রিস্টাপুরে স্থাপনের জন্য 'রওশন এরশাদ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ' নামে বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব করেছেন।

'ইন্টারন্যাশনাল স্টান্ডার্ড ইউনিভার্সিটি' নামে রাজধানীর মহাখালীতে স্থাপনের জন্য আবেদন করেছেন ইঞ্জিনিয়ার এ কে এম মোশাররফ হুসাইন।

টেগোর ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ আর্টস, কেরানীগঞ্জ, ঢাকা– এর প্রস্তাবক ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক প্রফেসর আনিসুজ্জামান। পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

কামাল উদ্দিন আহমেদ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির প্রস্তাবক জনৈক কামরুন নেসা রত্না। বিশ্ববিদ্যালয়টি রাজধানীর অদূরে গাজীপুর জেলায় স্থাপনের প্রস্তাব করা হয়েছে। ইউজিসির ঠিকানা স্পষ্টীকরণের জন্য মন্ত্রণালয়ে চিঠি দিয়েছে।

সিলেট জেলা সদরে টিবি গেট, টুলটিকার ইউনিয়নে স্থাপনের জন্য 'আরটিএম আল কবির টেকনিক্যাল ইউনিভার্সিটি'র অনুমোদন চেয়েছেন আহমদ আল কবির নামে ঢাকার মিরপুরের জনৈক ব্যক্তি। বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে ইউজিসি।

বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের প্রেসিডেন্ট এইচ এন ভেন সঙ্ঘনায়ক শুদ্ধানন্দ মহাথের তার প্রস্তাবিত 'ইউনিভার্সিটি অব অতীশ দীপঙ্কর বাজরাগজনি, মুন্সীগঞ্জে স্থাপনের অনুমোদন চেয়েছেন।

রাজধানীর তেজগাঁওয়ে স্থাপিত 'আহসানউল্লা ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি'র বোর্ড অব স্ট্রাটিজের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলম এবার খুলনার সোনাডাঙ্গায় 'খুলনা খান বাহাদুর আহসানউল্লা ইউনিভার্সিটি' নামে নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব দিয়েছেন। একই সঙ্গে তিনি রাজশাহীতে 'আহসানিয়া মিশন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি' নামে একটি বিশ্ববিদ্যালয়ের আবেদন করেছেন।

রংপুরের জনৈক মোস্তফা আজাদ চৌধুরী নিজ জেলায় স্থাপনের জন্য 'রংপুর বিশ্ববিদ্যালয়' নামে বিশ্ববিদ্যালয়ের জন্য ইউজিসির কাছে আবেদন করেছে।

'ইন্টারন্যাশনাল কালচার ইউনিভার্সিটি'র প্রস্তাব করেছেন জনৈক সুলতান রাজ্জাক নামে একজন উদ্যোক্তা।

'ইউনিভার্সিটি অব ম্যানেজমেন্ট সায়েন্স বাংলাদেশ' নামে বিশ্ববিদ্যালয়ের আবেদন করেছেন ড. এম. জুবাইদুর রহমান। গাজীপুর জেলার কালিয়াকৈরে এই বিশ্ববিদ্যালয়ের স্থাপনের প্রস্তাব দেওয়া হয়েছে।

মো. আবু নোমান হাওলাদার জনৈক উদ্যোক্তা 'ইউনিভার্সিটি অব মডার্ন টেকনোলজি' বিশ্ববিদ্যালয়ের আবেদন করেছেন। রাজধানীর বনানীতে স্থাপনের প্রস্তাব দিয়েছেন তিনি।

রংপুরের মো. আশরাফুল আলম আল-আমিন নিজ জেলার মিঠাপুকুর উপজেলার ইসলামপুরে স্থাপনের জন্য 'নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি, রংপুর' নামে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন চেয়েছেন।

ইউজিসির সর্বশেষ প্রতিবেদনের তথ্যানুযায়ী দেশে এ যাবৎ ৯৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন হয়েছে। এর মধ্যে ৮৪টি বিশ্ববিদ্যালয়ে অ্যাকাডেমিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাকিগুলো কার্যক্রম প্রক্রিয়াধীন। এ ছাড়া দারুল ইহসান বিশ্ববিদ্যালয় আদালতের নির্দেশে বন্ধ করে দেওয়া হয়েছে। বিদ্যমান বিশ্ববিদ্যালয়গুলো আইন না মানার অভিযোগ রয়েছে।